**কুইন্স বরো সভাপতি**
**টনি অ্যাভেলা (Tony Avella)** (D)

**হাই, আমি স্টেট সেনেটর টোনি আভেলা। সিটির পরিষেবার উপযুক্ত ভাগ পাওয়া থেকে কুইন্স-কে সসময়েই বঞ্চিত করা হয়েছে; এটা পরিবর্তনের জন্য আমি কুইন্স বরো প্রেসিডেন্ট পদে প্রতিদ্বন্দ্বিতা করছি। হ্যারিকেন Sandy-র ক্ষয়ক্ষতিগুলি শুধু দেখুন একবার। সিটির পরিষেবাগুলি কোথায় ছিল? রকাওয়ে-র মত এলাকাগুলি এখনো ভুগছে কেন? এবার সময় হয়েছে আমাদের কুইন্স-এর বাসিন্দা হিসেবে আমাদের উপযুক্ত প্রাপ্যের ভাগ পাওয়ার। প্রতিটি শিক্ষার্থীরা যাতে কম্পিউটার ব্যবহার করার সুযোগ পায় সেটি নিশ্চিত করার জন্য, প্রতিটি ক্লাসঘরে যাতে একটি স্মার্টবোর্ড থাকে সেজন্য আমাদের স্কুলগুলির জন্যে প্রয়োজনীয় তহবিল প্রদান এবং পরীক্ষার জন্যে পড়ানো বন্ধ করা। বরো প্রেসিডেন্ট হিসেবে, আমাদের পার্কগুলি, গ্রন্থাগারগুলি এবং যুবসম্প্রদায়, বয়োজেষ্ঠ এবং প্রাক্তন সৈনিকদের কর্মসূচির জন্য এবং পরিকাঠামোর প্রয়োজনীয়তার ব্যাপারে যেমন গাছের ডাল কাটা, রাস্তাগুলির আরো ভালো অবস্থা এবং যানবাহন চলাচলের সুরক্ষার জন্য আমি লড়াই করবো। কুইন্স হচ্ছে দেশের সবথেকে বৈচিত্রপূর্ণ কাউন্টি। আমি যেমন করেছি, আমি বিভিন্ন জাতিয় এবং ধর্মীয় দলগুলিকে একত্রে আনার জন্যে কাজ করা চালিয়ে যাবো এবং নিশ্চিত করবো যে প্রতিটি এলাকা যাতে সরকারী কর্মসূচীরর অংশ হতে পারে এবং কোষাগারের টাকা ব্যবহার করতে পারে। কুইন্সেই সিটির দুটি বিমানবন্দর অবস্থিত কিন্তু বিনিময়ে আমরা শুধু বিমানের শব্দ দূষণ ছাড়া আর কিছুই পাইনা। বরো প্রেসিডেন্ট হিসেবে, আমি সেটি বদলানোর জন্যে কাজ করবো এবং শব্দ দূষণ কম করবো। একটি সিটির মেয়র যেখানে সকল পরিষেবাগুলি নিয়ন্ত্রণ করেন, সেখানে এটি জরুরী যে আমাদের একজন শক্ত স্বতন্ত্র বরো প্রেসিডেন্ট থাকবে, যিনি কুইন্স-এর জন্যে লড়াই করবেন। আমার পরিক্ষিত ইতিহাসটি প্রমান করে যে, একজন সংস্কারকারী এবং স্বতন্ত্র নেতা হিসেবে আমাদের প্রয়োজনীয় জিনিষের জন্যে মেয়র, কাউন্সিল স্পীকার অথবা গভর্নারের মুখোমুখি হয়ে লড়াই করার জন্য আমার প্রস্তুতি। উদাহরণ স্বরুপ, যখন আমি সিটি কাউন্সিলে থাকা কালীন আমি জনসাধারণের ইচ্ছার প্রতিফলন হিসাবে টার্মের সময় বৃদ্ধির বিপক্ষে ভোট দিয়েছিলাম। টার্মের সমস ব্যাপারে পরাজয়টি লজ্জাকর ছিল। আমি বাড়ির মালিক এবং ভাড়াটেদের স্বার্থ  সুরক্ষায় বিশাল ১৮% সম্পত্তিকর বাড়ানোর বিরুদ্ধে ভোট দিয়েছিলাম, সিটির ইতিহাসে যেটি সবথেকে বেশি। সিটি কাউন্সিল এবং বর্তমানে ষ্টেট সেনেটর হিসেবে কুইন্স-এর অংশর প্রতিনিধিত্ব করতে পারা আমার জন্যে সন্মানজনক; আপনাদের বরো প্রেসিডেন্ট হওয়াটি তার থেকেও বেশি সন্মানজনক হবে। আপনাদের সমর্থন পেলে আমি কৃতজ্ঞ থাকবো।**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত।  ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*

**কুইন্স  বরো প্রেসিডেন্ট**
**মেলিন্ডা কাটজ্ (Melinda Katz)** (D)

**হাই, আমি মেলিন্ডা কাটজ় এবং কুইন্স বরো প্রেসিডেন্ট পদের জন্যে আমি একজন ডেমোক্র্যাটিক প্রার্থী।**

**আমার পরিবারের গভীর শেকড় আছে কুইন্স-এ। আমার পিতা, David, কুইন্স সিম্ফনী অরকেস্ট্রা প্রতিষ্ঠাতা এবং পরিচালনা করতেন এবং আমার মাতা, Jeanne, কুইন্স কাউন্সিল ফর দা আর্টস প্রতিষ্ঠা করেছিলেন। আমার প্রায় পুরো জীবন আমি এখানে কুইন্স-এ থেকেছি, এবং আমি কুইন্স-এর সরকারী স্কুলগুলির একজন গর্বিত গ্র্যাজুয়েট। আমার দুই ছেলে হান্টার এবং কার্টার ফরেস্ট হিলস-এর সেই বাড়িতে বড় করছি যেখানে আমি নিজে বড় হয়েছি।**

**আমি কুইন্স বরো প্রেসিডেন্ট পদের জন্য দাঁড়াচ্ছি কারণ কুইন্স-এর জন্য আমার একটি প্রত্যাশা আছে যেটি আমাদের অতি সুন্দর বরোর ভিন্নতাকে উদযাপিত করে এবং সেটিকে পরিবার প্রতিপালণের জন্যে একটি সুন্দর জায়গায় পরিণত করে। যেহেতু আমি কুইন্স-এ বিশ্বাস করি, আমি আমার জীবনকে জনসাধারণের সেবায় উৎসর্গ করেছি।**

**আমার এলাকাতে আমি আট বছর সিটি কাউন্সিল-এর সদস্য হিসেবে কাজ করেছি। সেই সময়ে, আমি ল্যান্ড ইউজ কমিটি-র সভাপতি ছিলাম যেখানে আমি বেসরকারী ক্ষেত্রের অংশীদারীত্ব নিশ্চিত করেছিলাম যেটি সূচনা করেছিল ১৫,০০০-টি সামর্থের মধ্যে বাসস্থানের। আমি সিটি জুড়ে পূনর্বিভুক্তি ব্যবস্থাপণা অনুমোদনের জন্যও দায়ীত্বে ছিলাম, যেটি হাজার হাজার চাকরীর সূচনা করেছিল আর একইসাথে আমাদের এলাকাগুলিকে অতিরিক্ত উন্নতির হাত থেকে সুরক্ষিত রেখেছিল।**

**কাউন্সিলটির আগে, বরো প্রেসিডেন্ট Claire Shulman-এর কম্যুনিটি বোর্ডস-এর পরিচালক হিসেবে আমি নিযুক্ত ছিলাম এবং জীবনের বিভিন্ন ক্ষেত্রে এলাকার মানুষের মতামত পেয়ে। আমার কর্মজীবনের প্রথম দিকে আমি স্টেট এসেম্বলি-র সদস্য হয়ে কাজ করেছি।**

**আর্বান হেলথ -এর উপ কমিটির চেয়ার হিসেবে, আমি লিখেছি এবং পাশ করিয়েছি একটি আইন যেটির কারনে HMOগুলি মহিলাদের গুরুতর স্ত্রীরোগের পরিষেবার সুযোগ সরাসরি দিতে বাধ্য হবে। আমি লড়েছি এবং মেয়র Giuliani-কে হারিয়ে সরকারী হাসপাতালগুলিকে বেসরকারী হয়ে যাওয়া থেকে থামিয়েছি, এবং আমি ঐতিহাসিক কেন্ডলস ল'-টির পৃষ্ঠপোষক হয়েছি এবং পাশ করিয়েছি যেটি লম্বা-সময়ের, বারংবার হওয়া শিশু নির্যাতনের মামলাগুলিকে চালিয়ে যেতে আইনজীবীদের সাহায্য করে।**

**বরো প্রেসিডেন্ট হিসেবে, কুইন্স-এ আমি প্রধান সমস্যাগুলি মোকাবিলা করতে প্রস্তুত। কর্মসংস্থান সৃষ্টি এবং আর্থিক উন্নতির জন্যে প্রেরণা যোগাবো, যার মধ্যে যুক্ত থাকবে ওয়েস্টার্ণ কুইন্স-এ একটি প্রযুক্তির কেন্দ্রস্থল তৈরি করার লড়াই করে যাব। আমি স্কুলগুলোর সহ-অবস্থানের বিরুদ্ধে এবং একটি যুদ্ধক্ষেত্র বানানো বন্ধ করার জন্য সংগ্রাম করবো, যাতে আমাদের সন্তানরা সবথেকে ভাল শিক্ষার সুযোগ পাওয়া নিশ্চিত করে। রকওয়ে এবং সাউথইস্ট কুইন্স-কে পূণর্নির্মাণ এবং পরিবহণ বযস্থার আরও উন্নয়নের জন্য আমরা একসাথে কাজ করবো এবং সামর্থের মধ্যে বাসস্থান এবং আমাদের সবার জীবনের মান উন্নত করার জন্যে আমি কাজ চালিয়ে যাব।**

**নির্বাচনের দিনে আপনাদের সমর্থনের ওপর ভরসা রাখতে পারবো বলে আমি আশা করবো।**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত।  ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*

**কুইন্স বরো প্রেসিডেন্ট**
**পিটার এফ. ভ্যালোন জুনিঃ (Peter F. Vallone Jr.)** (D)

হাই, আমি কাউন্সিল মেম্বার Peter F. Vallone Jr. এবং আমি কুইন্স বরো প্রেসিডেন্ট পদে প্রতিদ্বন্দ্বিতা করছি। আমি প্রতিদ্বন্দ্বিতা করছি কারণ কুইন্স-এর প্রয়োজন এমন একজনকে যিনি সুরক্ষা দিবেন - আমাদের পরিবারগুলির, আমাদের রাস্তাগুলির, আমাদের ব্যবসাগুলির এবং আমাদের সন্তানদের শিক্ষার। নিউ ইয়র্ক সিটি কাউন্সিলে জনসাধারণ সুরক্ষা কমিটির প্রধান হিসেবে আমার ১২ বছর ধরে কাজ করার সুযোগ হয়েছিল। আমি Ray Kelly-র সাথে কাজ করে অপরাধমূলক কর্মকাণ্ড ৩৫% হ্রাস কারার জন্য কাজ করেছি। দেয়াল লিখন, যৌন অপরাধীদের এবং বন্দুক চোরাচালানকারীদের বিরুদ্ধে কঠোর আইন পাশ করার জন্য আমি অক্লান্তভাবে কাজ করেছি। আমি একমাত্র প্রার্থীর যার কুইন্স-এর জনসাধারণের সুরক্ষা করার ব্যাপারে যেকোনো অভিজ্ঞতা আছে।

নিজে একজন বাড়ির মালিক হিসেবে, আমি জানি প্রত্যেক বছরে কুইন্স-এ একটি বাড়ির মালিক হওয়া আরো কঠিন হয়ে যাচ্ছে। সেজন্য সিটি কাউন্সিল সদস্যদের মধ্যে একমাত্র আমি গতবারের সম্পত্তিকর বাড়ার বিরুদ্ধে ভোট দিয়েছিলাম এবং পানির বিল বাড়ানোর বিরুদ্ধে লড়াইটি সামনের সারি থেকে এগিয়ে নিয়ে গিয়েছি।

এই প্রাথমিক নির্বাচনে হয়তবা আমি একমাত্র ক্ষুদ্র ব্যবসায়ীও। কুইন্স-এ আমাদের ক্ষুদ্র ব্যবসাগুলি বরোটির মেরুদন্ড, বিশেষত আমাদের নতুন অভিভাসী এলাকাগুলিতে, যেজন্যে আমি অপ্রয়োজনীয় বিধিনিষেধ কম করার জন্যে কাজ করেছি যাতে তাঁরা আমাদের অর্থনীতি বিকশিত এবং পরিচালনা করতে পারেন। কর্মসংস্থান সৃষ্টি এবং ব্যবসায় সাহায্য করার জন্যে, আপনার প্রথম প্রয়োজন ব্যবসাকে বোঝা এবং আমার পুরো কর্মজীবন ধরেই কঠোর পরিশ্রমী ব্যবসায়ীদের পক্ষে আমি লড়াই করে চলেছি, শুধুমাত্র নির্বাচনের সময়ে নয়।

এবং শেষ কিন্তু অবশ্যই সর্বশেষ নয়, কুইন্স-এর সরকারী স্কুলগুলির প্রাক্তন দুই কিশোরীর পিতা হিসেবে একটি নিরাপদ পড়াশোনার আবহাওয়া এবং ভালো পড়াশোনার গুরুত্ব কতটা তা আমি জানি। স্কুলগুলিতে সুরক্ষা ক্যামেরা বসানোর আইনটি আমি লিখেছি এবং শিশুদের নিরাপদে স্কুলে আসা-যাওয়ার নিশ্চিত করার জন্য সেলফোন স্কুলে নেয়ার অনুমতির জন্যে আইনটির আমি সমর্থন করেছি। আমি আমাদের জি এন্ড টি কর্মসূচীগুলির জন্যে লড়েছি এবং সেগুলিকে টিকিয়ে রেখেছি, এবং পিতামাতাদের আরো মতামত পাওয়ার জন্যে একজন অভিভাবক হিসেবে, আমি লড়াই চালিয়ে যাবো- আমরা অবহেলিত হওয়া আর মেনে নেব না।

কুইন্স-এর প্রয়োজন একজনের যাঁর আপনাদের জন্যে লড়াই করার সত্যিকার ইতিহাস আছে। ৯ দিনের লোডসেডিং, তুষার ঝড়ে লাঙ্গল ছাড়া, আমাদের রকাওয়ে-র বাসিন্দাদের জন্যে পরবর্তী ঝড়ের থেকে এখনই সুরক্ষা দেওয়ার জন্যে - যিনি কন এড, স্পিকার এবং মেয়র সাথে ব্যবস্থা নিয়েছেন - এবং ফল পেয়েছেন। কুইন্স-এর অধিকার এমন একজন বরো প্রেসিডেন্ট পাওয়ার যিনি এইসব এবং আরো অনেক অসুবিবিধেগুলির ব্যাপারে আমাদের সকলের সাথে থাকবেন। এবং আপনাদের ভোট পেয়ে আমি সন্মানিত বোধ করবো। আপনারা আমার সম্পর্কে আরো বেশি জানতে পারবেন Petervallone.com-এ এবং, ওহ, এবং চলুন আমরা রাখি এটি কুইন্সবরো ব্রীজ. ঈশ্বর আশীর্বাদ করুন।

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*